



বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)

Bangladesh Submarine Cable Company Limited (BSCCL)

(A Public Limited Company under Posts and Telecommunications Division of - MoPT & IT)



প্রেস রিলিজ

‘মুজিববর্ষ’ উপলক্ষ্যে গৃহীত “বিএসসিসিএল বঙ্গবন্ধু বৃত্তি” কার্যক্রমের সমাপ্তি ঘোষণা।

‘মুজিববর্ষ’ উপলক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পরামর্শক্রমে বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড(বিএসসিসিএল) এর সিএসআর(CSR) তহবিল হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণে “বিএসসিসিএল বঙ্গবন্ধু বৃত্তি” প্রদানের কার্যক্রম হাতে নেয়া হয়। উক্ত কার্যক্রমের আওতায় দেশের ১৪(চৌদ্দ)টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ইইই(EEE)/টেলিকমিউনিকেশন্স(Telecommunications)/আইসিটি(ICT)/কম্পিউটার সায়েন্স(Computer Science)/ সিএসই(CSE) বিভাগের ১০০(একশত) জন অসম্বল ও মেধাবী ছাত্রীকে ২০২১ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ১(এক) বছর মাসিক ১,০০০/-(এক হাজার টাকা) হারে “বিএসসিসিএল বঙ্গবন্ধু বৃত্তি” প্রদান করা হয়। ‘মুজিববর্ষ’ উপলক্ষ্যে গৃহীত “বিএসসিসিএল বঙ্গবন্ধু বৃত্তি” প্রদানের কার্যক্রমটি সফলভাবে সম্পন্ন হওয়ায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী ও সচিব এবং সংশ্লিষ্ট সকলের প্রতি বিএসসিসিএল আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছে। তাছাড়া, কার্যক্রমটি পরিচালনার জন্য সহযোগিতা করায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়সমূহের প্রশাসনের প্রতিও বিএসসিসিএল আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছে।

বিএসসিসিএল কর্তৃপক্ষ

প্রতি,

বার্তা সম্পাদক/চিফ রিপোর্টার

.....
.....
.....

বিঃদ্রঃ উপরোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আগামী ০৬/০৭/২০২২ খ্রি. তারিখে আপনার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।